শেখ হাসিনার উদ্যোগ

ISO 9001:2015 Certified

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২৪. ৯৬৯৯ তারিখ: ১০ আষাঢ় ১৪৩১ ব. / ২৪ জুন ২০২৪ খ্রি.

## **"নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওএন্ডএম স্টোরে রক্ষিত অব্যবহারযোগ্য মালামাল **"যেখানে যে অবস্থায় আছে"** ভিত্তিতে বিক্রয়ের জন্য নির্ধারিত প্যাকেজ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, মোবাইল নং ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| প্যাকেজ নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র সিডিউল মূল্য (টাকা) (অফেরতযোগ্য) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র সিডিউল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহণ | খোলা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| প্যাকেজ নং-০১ | সুপার এনামেল কপার তার | ৭৭৫৮ কেজি | ১,৫০০.০০ | দাখিলকৃত মূল্যের ২৫ % | ২৬/০৬/২০২৪ খ্রি. হতে ১৬/০৭/২০২৪ খ্রি. (অফিস চলাকালীন পর্যন্ত)। | ১৮/০৭/২০২৪ খ্রি. (বৃহস্পতিবার) বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত। | ১৮/০৭/২০২৪ খ্রি. (বৃহস্পতিবার) বেলা ১২:০৫ ঘটিকা। |
| প্যাকেজ নং-০২ | এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস | ৮৭২৫৬ কেজি | ৩,০০০.০০ | | | | |
| প্যাকেজ নং-০৩ | স্টীল পোল (পিডিবি) | ৩৫৩৪০ কেজি | ১,০০০.০০ | | | | |

**শর্তাবলী :**

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে চট্টগ্রাম পবিস-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম হতে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ "চট্টগ্রাম পবিস-৩" এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে উপরে বর্ণিত ছকে ৫ নং কলামে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র সিডিউলের মূল্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ চট্টগ্রাম পবিস-৩ এর "জেনারেল ম্যানেজার" বরাবর সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) চট্টগ্রাম পবিস-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দ.অ.) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র সিডিউল প্রেরণ করা হবে না।

০৩। দরপত্র উপরে বর্ণিত নির্ধারিত তারিখ অর্থাৎ ১৮/০৭/২০২৪খ্রি: তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে (ক) চট্টগ্রাম পবিস-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দ.অ.) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে।

০৪। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী (ক) চট্টগ্রাম পবিস-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দ.অ.) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। দরদাতা কর্তৃক প্যাকেজ ভিত্তিক দাখিলকৃত মোট উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে (ফেরতযোগ্য), চট্টগ্রাম পবিস-৩ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সংগে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৬। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে পবিসের নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে (ক) সুপার এনামেল কপার তার (খ) এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস (গ) স্টীল পোল (পিডিবি) নিলামে বিক্রয়ের দরপত্র কথাটি লিখতে হবে।

০৭। বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যদিবস সমূহে যদি পরবর্তীতে সরকারী ছুটি ঘোষনা করা হয়, তবে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবাহিকভাবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে দরপত্র জমাদানের পূর্বদিন অর্থাৎ আগামী ১৬/০৭/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন (সরকারী ছুটির দিন ব্যতিত) চট্টগ্রাম পবিস-৩ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য মালামালসমূহ পরিদর্শন করা যাবে।

০৯। প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ প্যাকেজ-১, প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ আলাদা আলাদাভাবে মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ নিলাম দরদাতার আনেষ্টমানি নগদায়ন করা হবে। অতঃপর ১ম সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% মূল্যসহ উদ্ধৃত মোট মূল্যের উপরে সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও উৎস কর বাবদ সমুদয় অর্থ নগদ অথবা চট্টগ্রাম পবিস-৩ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে চট্টগ্রাম পবিস-৩ এর ক্যাশ শাখায় জমা দিতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও উৎস কর বাবদ নির্ধারিত অর্থ পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে বিক্রয়াদেশে বর্ণিত সময়সীমার মধ্যেই আবশ্যকভাবে নিলামে বিক্রয়কৃত সমুদয় (ক) সুপার এনামেল কপার তার (খ) এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস (গ) স্টীল পোল (পিডিবি), চট্টগ্রাম পবিস-৩ এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে।

১০। প্যাকেজ ওয়ারী সর্বোচ্চ নিলাম দর অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে এবং সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকৃত প্রতিষ্ঠান/ ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হবে। বাপবিবো কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্যের নিচে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১১। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে চট্টগ্রাম পবিস-৩ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১২। বিক্রয়াদেশ প্রদানের পর সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট নিলাম মূল্য (সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট ও উৎস করসহ) পরিশোধে ব্যর্থ হলে উক্ত দরদাতার দাখিলকৃত আর্নেষ্টমানি বাজেয়াপ্তপ্ত করে পরবর্তীতে ক্রমানুযায়ী নিলাম দরদাতার অনুকূলে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামাল হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা হবে।

১৩। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম/ বেশি হতে পারে।

১৪। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে এমন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে বাপবিবো/ চট্টগ্রাম পবিস-৩ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি চট্টগ্রাম পবিস-৩ এর ওয়েবসাইট www.pbs3.chittagong.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট http://www.reb.gov.bd এবং CPTU এর ওয়েব সাইটে http://cptu.gov.bd এ পাওয়া যাবে।

২৪/৬/২৪

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র সিডিউল বিক্রয়, দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো,ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...........পবিস-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড/ মীরসরাই/ হাটহাজারী, চট্টগ্রাম।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ, সীতাকুন্ড, চট্টগ্রাম।
০৮। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম (উত্তর)।
০৯। ডিজিএম-সদর দপ্তর/বারৈয়ারহাট/হাটহাজারী/মীরসরাই, চপবিস-৩।
১০। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।

(০৩–১০:) নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। এজিএম সকল (ইএন্ডসি/ ওএন্ডএম/ অর্থ-হিসাব), চপবিস-৩।
১২। এজিএম (আইটি), চপবিস-৩। ( ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৩। নোটিশ বোর্ড, চপবিস-৩।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

২৪/৬/২০২৪

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার